

ATC, AP, IS, TS, NA, AR, ST  
o/c

(সংযুক্তিঃ ০২)

বিভাগীয় এম. এস. থিসিস এর নীতিমালা :

ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

**১. বিষয় : এম. এস. থিসিস এর অনুমতি সংক্রান্তঃ**

- ১.১ এম. এস. থিসিস অনুমোদন ও নির্বাচনের লক্ষ্যে বিভাগীয় সভাপতিকে আহ্বায়ক করে বিভাগীয় জ্যেষ্ঠতম শিক্ষকগণের সমন্বয়ে সর্বোচ্চ ৫ সদস্য বিশিষ্ট একটি Higher Studies Committee (উচ্চ শিক্ষা কমিটি) থাকবে।
- ১.২ এম. এস. থিসিস গ্রহণে ইচ্ছুক কোন শিক্ষার্থী বি.এস-সি. সম্মান পর্যায়ে ন্যূনতম CGPA 3.25 পেতে হবে তবে সংশ্লিষ্ট বর্ষের মোট ছাত্র-ছাত্রীদের এক চতুর্থাংশের বেশী হতে পারবে না।
- ১.৩ অধ্যাপক এবং সহযোগী অধ্যাপকগণ চলমান নীতিতে এম. এস. থিসিস সুপারভাইজ করতে পারবেন তবে সহকারী অধ্যাপকদের ক্ষেত্রে M.Phil or Ph.D থাকতে হবে অথবা সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। উল্লেখ্য যে, প্রধান সুপারভাইজার সহকারী অধ্যাপক কিংবা প্রভাষকদের মধ্য থেকে কো-সুপারভাইজার নিতে পারবেন।
- ১.৪ অত্র বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট অথবা চট্টগ্রামে অবস্থিত বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের প্রশিক্ষিত শিক্ষক কিংবা কর্মকর্তা সহকারী সুপারভাইজার হিসাবে থাকতে পারবেন।
- ১.৫ প্রধান সুপারভাইজার হিসাবে সর্বোচ্চ ২টি এবং কো-সুপারভাইজারসহ সর্বোচ্চ ৪টি থিসিস সুপারভাইজ হতে পারবেন।
- ১.৬ এম. এস. থিসিস গ্রহণে প্রয়োজনীয় CGPA প্রাপ্ত ছাত্র-ছাত্রীগণ (এক চতুর্থাংশের বেশী নয়) সুপারভাইজার ও কো-সুপারভাইজার (প্রয়োজ্য ক্ষেত্রে) এর সুপারিশসহ বিভাগীয় সভাপতি বরাবর আবেদন করবে। বিভাগীয় সভাপতি প্রাপ্ত আবেদন গুলো একাডেমিক কমিটির অনুমোদন সাপেক্ষে Higher Studies Committee (উচ্চ শিক্ষা কমিটি) তে প্রেরণ করবেন।
- ১.৭ থিসিস সিনোপসিস গ্রহণের পর Higher Studies Committee (উচ্চ শিক্ষা কমিটি) প্রাপ্ত সিনোপসিস সমূহ পর্যালোচনা সহ সাক্ষাতকার গ্রহণ করবে। উচ্চ শিক্ষা কমিটি ছাত্র-ছাত্রীর থিসিস করা বা না করার ক্ষেত্রে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ দিবে। এক্ষেত্রে সিনোপসিস সাক্ষাতকারে কোন প্রার্থী সন্তোষজনক বিবেচিত হলে ছাত্র-ছাত্রী শেষবারের মতো নিজেকে উপস্থাপন করার সুযোগ পাবে Synopsis Presentation এর সময়ে।
- ১.৮ বিভাগীয় একাডেমিক কমিটি ও উচ্চ শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদন লাভের পর থিসিস কার্য সম্পাদন করা যাবে।
- ১.৯ একাডেমিক কমিটির সিদ্ধান্ত সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী, সুপারভাইজার, কো-সুপারভাইজার ও লিস্ট আকারে সংশ্লিষ্ট কমিটির সভাপতিকে অবহিত করা হবে।

**২. বিষয় : থিসিস পরিচালনা ও ব্যবস্থাপনা সংক্রান্তঃ**

- ২.১ থিসিস অনুমোদনের পর তিন মাসের মধ্যে থিসিস ছাত্র-ছাত্রীদেরকে বিভাগে সেমিনারের মাধ্যমে থিসিস পরিকল্পনার উপর সেমিনার উপস্থাপন করতে হবে এবং একটি সংক্ষিপ্ত রিপোর্ট জমা দিতে হবে। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি এ সেমিনারের আয়োজন করবেন।
- ২.২ তৃতীয় পরীক্ষার পূর্ব পর্যন্ত প্রতি ১ (এক) মাস অন্তর সকল থিসিস ছাত্র-ছাত্রীকে সুপারভাইজারের মাধ্যমে সুপারিশসহ নির্ধারিত ফর্মে Progress Report পরীক্ষা কমিটির সভাপতির নিকট পেশ করতে হবে এবং তৃতীয় পরীক্ষার পর প্রতি ১৫ (পনের) দিন অন্তর এ রূপ Report জমা দিতে হবে। যার কপি বিভাগীয় সভাপতির নিকটও প্রেরণ করতে হবে।
- ২.৩ Thesis জমা দেওয়ার পূর্বে Thesis এর চূড়ান্ত ফলাফল সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী কর্তৃক সেমিনারের মাধ্যমে উপস্থাপন করতে হবে। সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি এ সেমিনারের আয়োজন করবেন।
- ২.৪ সেমিনার উপস্থাপন করার সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে সুপারভাইজারের নামসহ সেমিনারের বিষয় বস্তুর উপর একটি Draft Report পরীক্ষা কমিটির নিকট জমা দিতে হবে।
- ২.৫ থিসিস মূল্যায়নকারীগণ এর নিকট থিসিসের বিভিন্ন অংশের ভিত্তিতে সংযুক্ত নমুনা অনুযায়ী নম্বর প্রদানের জন্য পরীক্ষকগণকে অনুরোধ করা হবে।

**৩. থিসিস মুদ্রণ ও জমা সংক্রান্তঃ**

- ৩.১ একজন ছাত্র-ছাত্রীকে ১ টি সিডি কপি ও ৫ কপি থিসিস বাঁধাই (Hard Binding) অবস্থায় সুপারভাইজার (দের) স্বাক্ষরসহ জমা দিতে হবে। যার মধ্যে ৩ কপি পরীক্ষকের জন্য, ১ কপি বিভাগীয় সেমিনারের জন্য এবং ১ কপি কেন্দ্রীয় গ্রন্থাগারের জন্য নির্ধারিত। এক্ষেত্রে উল্লেখ্য যে, থিসিস জমাদানকারী সকল ছাত্র-ছাত্রী নিজ উদ্যোগে সংশ্লিষ্ট সুপারভাইজার (দের) নিকট থিসিস (৫ কপির অতিরিক্ত) জমা দিয়ে দিবে।
- ৩.২ Thesis এর Title অবশ্যই প্রস্তাবিত Title এর বিষয় ভিত্তিক অনুরূপ হতে হবে। তবে শিরোনামের সামান্য পরিবর্তন করা যাবে। শিরোনামের ব্যাপক পরিবর্তন করতে চাইলে পরীক্ষা কমিটির ও একাডেমিক কমিটির অনুমোদন প্রয়োজন হবে।
- ৩.৩ Thesis এ পরীক্ষকদের কপিতে কৃতজ্ঞতা স্বীকার এর অংশটুকু সংযুক্ত করা যাবে না এবং Thesis এর অভ্যন্তরে কোথাও প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সুপারভাইজারের নাম উল্লেখ থাকতে পারবে না।
- ৩.৪ Thesis এর Text এবং Appendix সহ সর্বোচ্চ ১৫০ পৃষ্ঠা অথবা শুধু Text ১২০ পৃষ্ঠার মধ্যে হতে হবে।
- ৩.৫ সকল থিসিস ইংরেজি ভাষায় ছাপাতে হবে। এবং A<sub>4</sub> Size এর পাতায় Font 12 (Times New Roman) এবং Line এর Space এবং All side Margin Standard size এ করতে হবে।

৩.৬ বিশ্ববিদ্যালয়ের বিধি এবং পরীক্ষা কমিটির সময় সীমার মধ্যে সকল ছাত্র-ছাত্রীকে Thesis জমা দিতে হবে।

(বিভাগীয় থিসিস নীতিমালাটি প্রতি বছর Review করা হবে।)

Muhammad Muhibbullah  
Chairman  
Dept. of Geography & Environmental Studies  
University of Chittagong  
Chittagong-4331